সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২
শিয়ালকোল, সিরাজগঞ্জ
E-mail: sirajganjpbs2@gmail.com

নম্বর ২৭.১২.৮৮৭৮.৫৭৩.০১.০৩৮.২২.৪৩২৫

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৯
১২ সেপ্টেম্বর ২০২২

দরপত্র বিজ্ঞপ্তি

বিষয়: **মিটার রিডিং বুক বাইন্ডার সরবরাহের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র।**

১। সিনিয়র জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পবিস-২ এর অনুকুলে সরকারি তহবিল বরাদ্দ করা হইয়াছে এবং তিনি এর একটি অংশ যোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করিতে ইচ্ছুক, যাহার জন্য এই কোটেশন দলিল জারি করা হইয়াছে।

২। ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তি সাধ্য হইবে।

৩। 'কোটেশন দলিল' ব্যবহার করিয়া কোটেশন প্রস্তুত এবং দাখিল করিতে হইবে।

৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করিয়া ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে (৬ ও ৭ অনুচ্ছেদে বর্ণিত) দাখিল করিতে হইবে।

৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমনঃ কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হইবে না।

৬। সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করিয়া কোটেশন প্রস্তুত এবং দাখিল করিতে হইবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট pbs2.sirajganj.gov.bd হইতে ডাউনলোড করিয়া কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করিতে হইবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহনযোগ্য হইবে না অথবা আবেদনের মাধ্যমে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ হইতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাইবে।

৭। সিলমোহরকৃত খাম **১৯/০৯/২০২২** খ্রিঃ তারিখ বেলা ১১:৩০ ঘটিকা-এ বা এর পূর্বে কোটেশন (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, শিয়ালকোল, সিরাজগঞ্জ-এ দাখিল করতে হবে। কোটেশনের খামে মিটার রিডিং বুক বাইন্ডার সরবরাহের কোটেশন এবং **১৯/০৯/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১:৩৫ ঘটিকার** আগে খোলা **যাইবে** না" লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।

৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮এর বিধি ৭১(৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহবানের তারিখ হইতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০ (দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগত করিতে পারিবেন।

১০। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যুনতম ৬০ (ষাট) দিন পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকিবে।

১১। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে অর্থাৎ প্রাপ্ত দরপত্র সমুহ ১৯/০৯/২০২২খ্রিঃ **তারিখ** বেলা ১১:৩৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) স্ব স্ব দাখিলকৃত স্থানে খোলা হইবে।

১২। যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃতদর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, শুল্ক ও আব, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১৩। দর টাকায় উদ্ধৃত করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হইবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তাহা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকিবে।

১৪। কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরুপ হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স দাখিল করিতে হইবে। তবে আর্থিক স্বচ্ছলতার সনদ, আয়কর সনদ পত্র ও ভ্যাট রেজিষ্ট্রেশন সনদ পত্র দাখিল করিতে হইবে। এইগুলো ব্যাতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।

১৫। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করিবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।

১৬। উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকিলে একক দর প্রাধান্য পাইবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকিবে।

১৭। ক্রয় আদেশ জারীর তারিখ থেকে **১৫ (পনের)** দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করিতে হইবে।

১৮। ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করিয়া তাহা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে জারী করিতে হইবে

১৯। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১২-৯-২০২২
অখিল কুমার সাহা
সিনিয়র জেনারেল ম্যানেজার

(জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নহে)(সদয় অবগতি ও আপনার অফিস/দপ্তর/বিভাগ এর নোটিশ বোর্ডে বহুল প্রচারের অনুরোধসহ)।

১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ ।

৪) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, সিরাজগঞ্জ ।

৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, বগুড়া জোন, বাপবিবো বগুড়া ।

৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ---------- পবিস-১/২/৩/৪।

৭) উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর/বেলকুচি/কাজিপুর/কামারখন্দ/চৌহালী উপজেলা, সিরাজগঞ্জ ।

৮) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী (এসওডি) এর কার্যালয়, বাপবিবো, সিরাজগঞ্জ।

৯) ডিজিএম (কাজিপুর/সদর-কারিগরী/বেলকুচি), সিরাজগঞ্জ পবিস-২।

১০) এজিএম (অর্থ/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি/মানব সম্পদ), সিরাজগঞ্জ পবিস-২।

১১) এজিএম (ওএন্ডএম), কামারখন্দ/পিপুলবাড়ীয়া/তামাই সাব জোনাল অফিস, সিরাজগঞ্জ পবিস-২।

১২) জুনিয়র ইঞ্জিনিয়ার, আইটি বিভাগ, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশসহ)।

১৩) মেসার্স---------- ।

১৪) নোটিশ বোর্ড, সিরাজগঞ্জ পবিস-২।

১৫) অফিস/মাস্টার কপি।